

২৭২৬ প্রতিষ্ঠান থেকে শতভাগ পাস

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

এসএসসি ও দাখিল পরীক্ষায় শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েই চলেছে। ২ হাজার ৭২৬টি প্রতিষ্ঠানের শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে এ বছর। তবে সিলেট, মাদ্রাসা ও কারিগরি বোর্ড ছাড়া অন্য শিক্ষা বোর্ডগুলোতে শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা এ বছর কমেছে। গতবার শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২ হাজার ২৭২টি। প্রকাশিত ফলাফল অনুযায়ী, এবার ১০টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় দেশের ২৭২৬টি শিক্ষা প্রতিষ্ঠান ৫ ক ৪ ৬

২৭২৬ প্রতিষ্ঠান প্রথম পৃষ্ঠার পর

থেকে শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে। এবছর প্রথমবারের মতো প্রকাশিত ফলাফলে দিনাজপুর বোর্ডের ৩৪টি প্রতিষ্ঠান থেকে শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে। শতভাগ পাস করা প্রতিষ্ঠানগুলোর মধ্যে ৩৫ মাদ্রাসা বোর্ড থেকে পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা এবার বেড়েছে ৫৫টি। মাদ্রাসা বোর্ড থেকে শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা এবার ২৩২টি। গত বছর এ সংখ্যা ছিল ১৭৭০টি। ২০০৭ সালে এ সংখ্যা ছিল মাত্র ৭৭৪টি। শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে সিলেট বোর্ডেও। ৩৯টি প্রতিষ্ঠানের শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে। গত বছর এ সংখ্যা ছিল মাত্র ১০। কারিগরি বোর্ডে ৫৬টি প্রতিষ্ঠান থেকে শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে। গত বছর এ সংখ্যা ছিল মাত্র ১৮। এছাড়া ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল বোর্ডে শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা কমেছে। ঢাকা বোর্ডের ১০৭টি প্রতিষ্ঠান থেকে শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে, যা গত বছর ছিল ১৮৫। রাজশাহী বোর্ডের ২২টি প্রতিষ্ঠান থেকে শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে। গত বছর শতভাগ পাসের সংখ্যা ছিল ৭১। কুমিল্লা বোর্ডের ৪৫টি প্রতিষ্ঠান থেকে শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে, যা গত বছর ছিল ৭২। যশোর বোর্ডের ৩৩টি প্রতিষ্ঠান থেকে শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে, যা গত বছর ছিল ৫৮। চট্টগ্রাম বোর্ডের ২৮টি প্রতিষ্ঠানের শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে। গত বছর এ সংখ্যা ছিল ৩১। বরিশাল বোর্ডের ৩৫টি প্রতিষ্ঠানের শতভাগ ছাত্র-ছাত্রী পাস করেছে। গত বছর এ সংখ্যা ছিল ৫৭।